দৈনিক ইত্তেফাক

তারিখ 26 NOV 1992
পৃষ্ঠা ২ কলাম ২

19

## আজ ইউকসু নির্বাচন

ইত্তেফাক রিপোর্ট ॥ আজ (বৃহস্পতিবার) প্রকৌশল বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র-ছাত্রী সংসদ ইউকসু গিবাচন অনুষ্ঠিত হইবে। ছাত্রদল, ছাত্র ইউনিয়ন, ছাত্রলীগ (ম-ই) সমাজতান্ত্রিক

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ইউকসু নির্বাচন

(প্রথম পৃঃ পর)

ছাত্রফ্রন্ট, ছাত্রলীগ (বা-কা) ও ছাত্র শিবিরসহ ৬টি ছাত্র সংগঠন নির্বাচনে অংশ গ্রহণ করিতেছে। ইউকসুর ৭টি পদে মোট প্রার্থীর সংখ্যা ৫০। ইহার মধ্যে ভিপি পদে ৬ জন, জিএস পদে ৭ জন, যুগ্ম সম্পাদক পদে ৬ জন, বার্ষিকী সম্পাদক পদে ৮ জন, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক পদে ৭ জন, আপ্যায়ন সম্পাদক পদে ৮ জন এবং আন্তঃ ক্রীড়া সম্পাদক পদে ৮ জন প্রার্থী রহিয়াছেন। ইহাছাড়া, মেয়েদের একটি হলসহ মোট ৮টি হলের ৮৮টি পদে ৩৯৬ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করিবেন। মোট ভোটারের সংখ্যা ২ হাজার ৮২১ জন। সকাল ৮টা হইতে দুপুর ১টা পর্যন্ত একনাগারে ভোট গ্রহণ করা হইবে।